নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী- ৩৮১৪,বাংলাদেশ, ই-মেইল: info@nstu.edu.bd ওয়েবসাইট: www.nstu.edu.bd

২০১৮-১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি (সর্বশেষ সংশোধনী, তারিখ: ২৬ অগাস্ট, ২০১৮)

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/মাদ্রাসা/কারিগরি শিক্ষা বোর্ড থেকে বিভিন্ন শাখায় ২০১৭ অথবা ২০১৮ সালে অনুষ্ঠিত HSC বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং ২০১৪, ২০১৫ অথবা ২০১৬ সালে অনুষ্ঠিত SSC বা সমমান পরীক্ষায় উত্তীর্ণদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদনপত্র আহ্বান করা হলো।

যে সকল বিভাগে ছাত্রছাত্রী ভর্তি করা হবে :

A ইউনিট: (গনিতসহ বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ) -প্রযুক্তি ও প্রকৌশল অনুষদঃ কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং,এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং,ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এবং ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ। বিজ্ঞান অনুষদঃ এপ্লায়েড ম্যাথমেটিক্স এবং পরিসংখ্যান বিভাগ। আইআইটিঃ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং।

B ইউনিট: (জীববিজ্ঞানসহ বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ) -বিজ্ঞান অনুষদঃ ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স,মাইক্রোবায়োলজী,ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স,এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট,বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং,এগ্রিকালচার,বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি, জুয়োলজি* বিভাগ।

C ইউনিট: (জীববিজ্ঞান ও গনিতসহ বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ) -বিজ্ঞান অনুষদঃ ফার্মেসী এবং ওশানোগ্রাফি বিভাগ

D ইউনিট (গ্রুপ পরিবর্তন): (বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা, মানবিক শাখা থেকে উত্তীর্ণ)-সামাজিক বিজ্ঞানও মানবিক অনুষদঃ ইকনোমিক্স,বাংলাদেশ এন্ড লিবারেশন ওয়ার স্টাডিজ, সমাজবিজ্ঞান,সমাজকর্ম(সমাজ কল্যান)*,ইংরেজি এবং বাংলা বিভাগ। ব্যবসায় প্রশাসন অনুষদঃ বিবিএ, টুরিজ্যম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট এবং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগ। শিক্ষা বিজ্ঞান অনুষদঃ শিক্ষা বিভাগ এবং শিক্ষা প্রশাসন* বিভাগ। আইন অনুষদঃ আইন* বিভাগ। আইআইএসঃ ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট।বিজ্ঞান অনুষদঃ পরিসংখ্যান বিভাগ (বানিজ্য এবং মানবিক বিভাগের যারা HSC বা সমমান পরীক্ষায় গনিত অথবা পরিসংখ্যান বিষয়সহ উত্তীর্ণ )।

**E** ইউনিট: (মানবিক শাখা থেকে উত্তীর্ণ) -সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদঃ ইকনোমিক্স,বাংলাদেশ এন্ড লিবারেশন ওয়ার স্টাডিজ,সমাজবিজ্ঞান,সমাজকর্ম(সমাজ কল্যান),ইংরেজি এবং বাংলা বিভাগ। শিক্ষা বিজ্ঞান অনুষদঃ শিক্ষা বিভাগ এবং শিক্ষা প্রশাসন* বিভাগ। আইন অনুষদঃ আইন* বিভাগ। আইআইএসঃ ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট ।

F ইউনিট: (ব্যবসায় শিক্ষা শাখা থেকে উত্তীর্ণ) -ব্যবসায় প্রশাসন অনুষদঃ বিবিএ, টুরিজ্যম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট এবং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগ।

২. ভর্তি পরীক্ষার জন্য যোগ্যতা:

**A** ইউনিট: বিজ্ঞান শাখায় উত্তীর্ণদের SSC বা সমমান এবং HSC/ সমমান উভয় পরীক্ষায় নূন্যতম GPA (চতুর্থ বিষয় সহ) ৩.০ সহ মোট GPA (চতুর্থ বিষয় সহ) ৬.৫ এবং HSC/সমমান পরীক্ষায় গনিত থাকতে হবে। O লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান,রসায়ন,গণিত সহ পাঁচটি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় গণিত এবং পদার্থবিজ্ঞান অথবা রসায়ন এর মধ্যে যে কোনো একটি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। **B** ইউনিট: বিজ্ঞান শাখায় উত্তীর্ণদের SSC বা সমমান এবং HSC/ সমমান উভয় পরীক্ষায় নূন্যতম GPA (চতুর্থ বিষয় সহ) ৩.০ সহ মোট GPA (চতুর্থ বিষয় সহ) ৬.৫ এবং HSC/সমমান পরীক্ষায় জীববিজ্ঞান থাকতে হবে। O লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান,রসায়ন,জীববিজ্ঞানসহ পাঁচটি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় জীববিজ্ঞান এবং পদার্থবিজ্ঞান অথবা রসায়ন অথবা গণিত এর মধ্যে যে কোনো একটি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। **C** ইউনিট: বিজ্ঞান শাখায় উত্তীর্ণদের SSC বা সমমান এবং HSC সমমান উভয় পরীক্ষায় নূন্যতম GPA (চতুর্থ বিষয় সহ) ৩.০ সহ মোট GPA (চতুর্থ বিষয় সহ) ৬.৫ এবং HSC/সমমান পরীক্ষায় জীববিজ্ঞান এবং গণিত উভয় বিষয় থাকতে হবে। O লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান,রসায়ন,গণিত ও জীববিজ্ঞান সহ পাঁচটি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় জীববিজ্ঞান ও গণিত বিষয়ে উত্তীর্ণ হতে হবে। **D** ইউনিট (গ্রুপ পরিবর্তন): বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/মানবিক শাখায় উত্তীর্ণদের SSC বা সমমান এবং HSC সমমান উভয় পরীক্ষায় নূন্যতম GPA (চতুর্থ বিষয় সহ) ২.৫ সহ মোট GPA (চতুর্থ বিষয় সহ) ৬.০ থাকতে হবে। মানবিক বিভাগের শিক্ষার্থীদের পরিসংখ্যান বিভাগে ভর্তির জন্য HSC তে পরিসংখ্যান/গনিত থাকতে হবে। O/A level শিক্ষার্থীদের যাদের কমপক্ষে ২ টি সংশ্লিষ্ট শাখার বিষয় আছে তারা আবেদন করতে পারবে। **E** ইউনিট: মানবিক শাখায় উত্তীর্ণদের SSC বা সমমান এবং HSC সমমান উভয় পরীক্ষায় নূন্যতম GPA (চতুর্থ বিষয় সহ) ২.৫ সহ মোট GPA (চতুর্থ বিষয় সহ) ৬.০ থাকতে হবে। O/A level শিক্ষার্থীদের যাদের কমপক্ষে ২ টি মানবিক শাখার বিষয় আছে তারা আবেদন করতে পারবে। **F** ইউনিট: ব্যবসায় শিক্ষা শাখায় উত্তীর্ণদের SSC বা সমমান এবং HSC সমমান উভয় পরীক্ষায় নূন্যতম GPA (চতুর্থ বিষয় সহ) ২.৫ সহ মোট GPA (চতুর্থ বিষয় সহ) ৬.০ থাকতে হবে। O/A level শিক্ষার্থীদের যাদের কমপক্ষে ২ টি ব্যবসায় শিক্ষা শাখার বিষয় আছে তারা আবেদন করতে পারবে।

বিদ্রঃ O এবং A লেভেলের কোনো বিষয়ে C গ্রেড এর নীচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবেনা।

অনলাইনে ভর্তির ফরম জমাদান ও প্রবেশপত্র সংগ্রহের জন্য করণীয়

অনলাইনে ভর্তির ফরম পূরণ করার নিয়মাবলীঃ

১. আবেদনকারীকে ভর্তি পরীক্ষা সংক্রান্ত কার্যাবলি ভর্তির ওয়েবসাইট (**https://nstu.admission.online**)এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। এই সাইটে আবেদনকারী ভর্তি সংক্রান্ত নির্দেশিকা, লিংক এবং নোটিশ দেখতে পাবে।

২. ওয়েবসাইট এ প্রবেশের আগে নিম্নে বর্ণিত জিনিসগুলো সাথে রাখতে হবে।
   - i. স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা **300 x 300 pixel** মাপের নিজের একটি রঙ্গিন ছবি (**jpg**)।ফাইলের সাইজ **100 KB** এর বেশি হবে না।
   - ii. **300 x 80 pixel** মাপের স্ক্যান করা নিজের একটি স্বাক্ষর (**jpg**) (কাগজে কালো কালি দিয়ে গাঢ় করে স্বাক্ষর করে তারপর স্ক্যান করতে হবে)। ফাইলের সাইজ **60 KB** এর বেশি হবে না।
   - iii. অনলাইনে ভর্তির জন্য **bKash** অথবা **DBBL** এ ৮০০/-(সকল চার্জসহ )টাকা পেমেন্ট করুন। পেমেন্ট সম্পন্ন হওয়ার পর যে মোবাইল হতে টাকা পাঠানো হয়েছে, সেটিতে তাৎক্ষনিক একটি **SMS** আসবে, যার মধ্যে **Transaction ID** উল্লেখ থাকবে। এই **Transaction ID** টি সংরক্ষণ করতে হবে।
   - iv. ফরম পূরণের সময় এই **Transaction ID** টি ইনপুট দিতে হবে।(প্রতিটি ইউনিট এর জন্য আলাদা ভাবে ৮০০/-(সকল চার্জসহ ) টাকা করে পেমেন্ট করে **Transaction ID** সংগ্রহ করতে হবে)।

৩. ভর্তির ওয়েবসাইটে আবেদন করার দুইটি অপশন আছে।
   - i. একটি HSC/সমমান ইত্যাদি পাশ করেছে তাদের জন্য।
   - ii. আরেকটি যারা O-Level / A-Level বা বিদেশ থেকে পাশ করেছে তাদের জন্য। O-Level / A-Level এর প্রার্থীদের English Medium / Foreign Application ফরমটি পূরণ করে ID সংগ্রহ করতে হবে, এটা ছাড়া আবেদন করা যাবে না।

৪. HSC/সমমান এর প্রার্থীদের ভর্তির আবেদন করার জন্য ওয়েবসাইটের 'আবেদন' বাটনে ক্লিক করতে হবে।

৫. 'আবেদন' বাটনে ক্লিক করার পর 'আবেদন'-এর তথ্যের পেইজে আবেদনকারীর উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষার রোল নাম্বার, রেজিস্ট্রেশন নাম্বার, পাসের সাল ও বোর্ডের নাম এবং মাধ্যমিক/সমমানের পরীক্ষার রোল নাম্বার, রেজিস্ট্রেশন নাম্বার,পাসের সাল ও বোর্ডের নাম প্রদান করে 'অগ্রসর হোন' বাটনে ক্লিক করতে হবে।পরবর্তী পেইজে আবেদনকারীর উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক পরীক্ষার তথ্যাবলি দেখা যাবে।

৬. প্রদর্শিত তথ্য সঠিক থাকলে নির্ধারিত স্থানে আবেদনকারীর নির্দিষ্ট ফরম্যাটে একটি ফরমাল ছবি, স্বাক্ষর, ব্যক্তিগত মোবাইল নাম্বার ও প্রযোজ্য ক্ষেত্রে কোটার Choice ও তথ্য দিতে হবে। ভুল করে কোটার তথ্য দিলে, কোটার আসন পেলেও ভর্তি বাতিল হয়ে যাবে।

৭. ছবি এবং অন্যান্য তথ্য দেয়া সম্পন্ন হলে ফরমের শেষে **Declaration** অপশনে ক্লিক করে **Save and Continue** করতে হবে।

৮. কিছুক্ষণ সময় নিয়ে ছবি ও স্বাক্ষর আপলোড হবে এবং পরে **Dashboard** দেখা যাবে।

৯. **Dashboard** এর শুরুতে প্রার্থীর আবেদনযোগ্য ইউনিট সমূহের তালিকা দেখা যাবে।
   - i. প্রতিটি ইউনিট এর পাশে **Apply** বাটন থাকবে (প্রতিটি ইউনিটে আলাদা ভাবে **Apply** করতে হবে) ।**Apply** বাটনে ক্লিক করলে ঐ ইউনিটের আবেদনের ফী ৮০০/-(সকল চার্জসহ ) টাকা প্রদর্শন করবে।
   - ii. প্রার্থী যে মাধ্যমে পেমেন্ট করেছে তা সিলেক্ট করতে হবে (**bKash** অথবা **DBBL**)।
   - iii. পূর্বে পেমেন্ট করা **Transaction ID** ইনপুট দিতে হবে।
   - iv. প্রার্থী **English Version** এ পরীক্ষা দিতে চাইলে এই ফরমে **English Version** সিলেক্ট করতে হবে।
   - v. 'সাবমিট' বাটনে ক্লিক করতে হবে।

১০. সঠিক ভাবে ফরমটি সাবমিট হলে প্রার্থীর রোল নাম্বার দেখাবে এবং রোল নাম্বার সহ একটি **Confirmation SMS** রেজিস্টার্ড মোবাইল নাম্বারে যাবে।

১১. আসন বিন্যাস হওয়ার পর প্রার্থীদের **SMS** এর মাধ্যমে ও ওয়েবসাইট এর নোটিশ এর মাধ্যমে প্রবেশপত্র ডাউনলোড করার তারিখ জানিয়ে দেওয়া হবে।

১২. প্রবেশপত্র ডাউনলোড করার পদ্ধতি
   - i. ওয়েবসাইট এ প্রবেশ করে 'লগইন' বাটনে ক্লিক করতে হবে।

ii. পেইজে আবেদনকারীর উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষার রোল নাম্বার, পাসের সাল ও বোর্ডের নাম এবং মাধ্যমিক/সমমানের পরীক্ষার রোল নাম্বার প্রদান করে 'অগ্রসর হোন' বাটনে ক্লিক করতে হবে।
iii. প্রতিটি ইউনিট এর পাশে **Download** বাটন থাকবে। এই বাটনে ক্লিক করে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে।

১৩. ডাউনলোড করা প্রবেশপত্রটি ২ কপি রঙ্গিন প্রিন্ট করতে হবে এবং পরীক্ষার হলে নিয়ে আসতে হবে।১ কপি পরীক্ষার সময় পরিদর্শকের কাছে জমা দিতে হবে।

বিশেষ নির্দেশনাঃ

১. ইউনিটে আবেদন করার পর ছবি,স্বাক্ষর ও কোটা পরিবর্তন করা যাবে না।
২. ভর্তি পরীক্ষার কেন্দ্র ওয়েবসাইটে Login করে দেখা যাবে।

**DBBL** এর মাধ্যমে **Payment** করার নিয়মঃ

১. ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং একাউন্ট থেকে ***322#** ডায়াল করুন।
২. মেনু থেকে 1 সিলেক্ট করে পেমেন্ট অপশন অনুসরণ করুন।
৩. আবার 1 সিলেক্ট করে বিল পেমেন্ট অপশন এ যান।
৪. আবার 1 সিলেক্ট করে Self অপশন এ যান।
৫. Biller id **216** টাইপ করুন।
৬. প্রার্থীর HSC এর রোল নাম্বার টাইপ করুন।
৭. বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি ৮০০/-(সকল চার্জসহ ) টাকা টাইপ করুন।
৮. আপনার মোবাইল একাউন্টের নির্ধারিত পিন প্রদান করুন।
৯. **Payment** সম্পন্ন হওয়ার পর যে মোবাইল হতে টাকা পাঠানো হয়েছে,সেটিতে তাৎক্ষনিক একটি **SMS** আসবে,যার মধ্যে **Transaction ID** উল্লেখ থাকবে।এই **Transaction ID** টি সংরক্ষণ করতে হবে; কেননা ফরম পূরণের সময় এই **Transaction ID** টি ইনপুট দিতে হবে।

**bKash** এর মাধ্যমে **Payment** করার নিয়মঃ

১. ***247#** ডায়াল করে বিকাশ মোবাইল মেন্যুতে যান।
২. "**Payment**" সিলেক্ট করুন।
৩. মার্চেন্ট বিকাশ একাউন্ট নাম্বার **01765 59 26 54** টাইপ করুন।
৪. বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি ৮০০/-(সকল চার্জসহ )টাকা টাইপ করুন।
৫. **Reference** হিসাবে প্রার্থীর HSC এর রোল নাম্বার টাইপ করুন।
৬. কাউন্টার নাম্বার 1 দিন।
৭. bKash **PIN** ****** ইনপুট দিয়ে **Payment** কমপ্লিট করুন।
৮. **Payment** সম্পন্ন হওয়ার পর যে মোবাইল হতে টাকা পাঠানো হয়েছে, সেটিতে তাৎক্ষনিক একটি **SMS** আসবে,যার মধ্যে **Transaction ID** উল্লেখ থাকবে।এই **Transaction ID** টি সংরক্ষণ করতে হবে; কেননা ফরম পূরণের সময় এই **Transaction ID** টি ইনপুট দিতে হবে।

বিশেষভাবে লক্ষ্যণীয়: আবেদন করার সময় কোন সমস্যা হলে কল করুনঃ ০১৭০৮ ১৬৬ ০৪৫, ০১৭০৮ ১৬৬ ০৪৬ (সকাল ০৯:০০ টা থেকে রাত ০৯:০০ টা পর্যন্ত)

ক) আবেদনের সময়: ২০ আগস্ট, ২০১৮ থেকে ১৫ সেপ্টেম্বর ২০১৮,রাত ১২.০০ টা পর্যন্ত (ছুটির দিনসহ)।

খ) A, B, C, D, E এবং F ইউনিটের জন্য আলাদা আলাদাভাবে আবেদন করতে হবে।

গ) HSC/সমমান পরীক্ষায় বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা A, B, C এবং D ইউনিটে, মানবিক শাখা থেকে উত্তীর্ণরা E এবং D ইউনিটে, ব্যবসায় শিক্ষা শাখা উত্তীর্ণরা F এবং D ইউনিটে আবেদন করতে পারবে।

ঘ) D ইউনিটের ফলাফলের জন্য বিজ্ঞান,মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের জন্য আলাদা মেধা তালিকা তৈরি করা হবে।

ঙ) O/ A level থেকে পাশকৃত ছাত্রছাত্রীদের ভর্তি পরীক্ষার দিন GCE 'O' ও 'A' level এর গ্রেড শিটের সত্যায়িত ফটোকপি অবশ্যই সঙ্গে আনতে হবে।

চ)কোটায় ভর্তি:কোটায় ভর্তির ক্ষেত্রে নোবিপ্রবিতে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর পোষ্য কোটা (কেবল ছেলে/মেয়ে/স্ত্রী/স্বামী,মুক্তিযোদ্ধা (সন্তান,নাতী/নাতনী),উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী,হরিজন ও দলিত সম্প্রদায়,প্রতিবন্ধী (দৃষ্টি,বাক ও শ্রবণ)সহ খেলোয়াড়(শুধু বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের)প্রার্থীদেরকে সংশ্লিষ্ট ইউনিটে আবেদন করার সময় উল্লেখ করতে হবে এবং বিষয় নির্বাচনের সময় যথাযথ প্রত্যয়নপত্র বা সনদপত্র প্রদর্শন করতে হবে।কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ভর্তির আবেদনের সময় অবশ্যই OMR শিটের নির্ধারিত ঘর পূরণ করতে হবে। পরবর্তীতে কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না।

ছ) পরীক্ষার হলে কোনো ইলেকট্রনিক ডিভাইস যেমন: ট্যাব,মোবাইল ফোন,ডিজিটাল ডায়েরি,ক্যালকুলেটর,প্রোগ্রামেবল ঘড়ি ইত্যাদি আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

৪. ভর্তি পরীক্ষার তারিখ ও সময়: ২০১৮, অক্টোবর ২৬ <u>A</u> ইউনিট: সকাল ১০.৩০ - দুপুর ১২.০০ টা, **<u>B</u>** ইউনিট: বিকেল ৩.০০ - ৪.৩০ টা পর্যন্ত। অক্টোবর ২৭ <u>C</u> ইউনিট: সকাল ১০.৩০ - দুপুর ১২.০০ টা, **<u>D</u>** ইউনিট: বিকেল ৩.০০ - ৪.০০ টা পর্যন্ত। অক্টোবর ২৮ <u>E</u> ইউনিট: সকাল ১০.৩০ - দুপুর ১১.৩০ টা, **<u>F</u>** ইউনিট: বিকেল ৩.০০ - ৪.০০ টা পর্যন্ত।

ফল প্রকাশঃ ২০১৮, অক্টোবর ৩০।

<u>৫. ভর্তি পরীক্ষা পদ্ধতি ও মানবন্টন:</u> (পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে)। পরীক্ষার মোট নম্বর ১০০;পরীক্ষার পাশ নম্বর: ৪০

A ইউনিটের জন্য: বাংলা, ইংরেজি, পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত এবং জীববিজ্ঞান বিষয়ের উপর প্রত্যেকটি থেকে ২০ টি করে মোট ১২০ টি প্রশ্ন থাকবে। ১০০ টি প্রশ্নের উত্তর করতে হবে। পদার্থবিজ্ঞান,রসায়ন ও গণিত প্রত্যেক পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক। বাংলা, ইংরেজি এবং জীববিজ্ঞান হতে যে কোনো দুটির উত্তর দিতে হবে।

B ইউনিটের জন্য: বাংলা ও ইংরেজি, পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান এবং গণিত বিষয়ের উপর প্রত্যেকটি থেকে ২০ করে মোট ১২০টি প্রশ্ন থাকবে। ১০০ টি প্রশ্নের উত্তর করতে হবে। পদার্থবিজ্ঞান, রসায়ন ও জীববিজ্ঞান প্রত্যেক পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক। বাংলা, ইংরেজি এবং গণিত হতে যে কোনো দুটির উত্তর দিতে হবে।

C ইউনিটের জন্য: 'বাংলা ও ইংরেজি' বিষয়ে ২০ টি এবং পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান এবং গণিত বিষয়ের উপর প্রত্যেকটি থেকে ২০ করে মোট ১০০ টি প্রশ্নের উত্তর করতে হবে।

D ইউনিটের জন্য:বাংলা (২৫টি), ইংরেজি (২৫ টি), সাধারণ জ্ঞান (বাংলাদেশ বিষয়াবলী ২৫ টি ও আন্তর্জাতিক বিষয়াবলী ২৫ টি) সর্বমোট ১০০ টি প্রশ্নের উত্তর করতে হবে।

E ইউনিটের জন্য: বাংলা (২৫টি), ইংরেজি (২৫ টি), সাধারণ জ্ঞান (বাংলাদেশ বিষয়াবলী, আন্তর্জাতিক বিষয়াবলী এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার সিলেবাস থেকে ৫০ টি) সহ সর্বমোট ১০০ টি প্রশ্নের উত্তর করতে হবে।

F ইউনিটের জন্য: বাংলা (২০টি), ইংরেজি (২০টি), হিসাব বিজ্ঞান (২০টি), ব্যবসায় নীতি ও প্রয়োগ (২০টি), মার্কেটিং অথবা ফাইনান্স (২০টি) সহ সর্বমোট ১০০ টি প্রশ্নের উত্তর করতে হবে।

<u>৬. বিভিন্ন বিভাগে ভর্তির জন্য প্রয়োজনীয় ন্যূনতম নম্বরঃ</u>

৬.১ **A, B, C** ইউনিটে ভর্তির জন্য মোট পাশ নম্বর ৪০।

৬.২ D ইউনিট:অর্থনীতি ও আইন (ইংরেজিতে ন্যূনতম ১৪,বাংলায় ন্যূনতম ০৯), বাংলাদেশ এন্ড লিবারেশান ওয়ার স্টাডিজ,সমাজবিজ্ঞান, সমাজকর্ম, বিবিএ, টুরিজ্যম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস বিভাগ, শিক্ষা বিভাগ,শিক্ষা প্রশাসন, ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট এর প্রতিটি বিষয়ের জন্য (ইংরেজিতে ন্যূনতম ১২, বাংলায় ন্যূনতম ১০), ইংরেজি (ইংরেজিতে ন্যূনতম ১৫, বাংলায় ০৮), বাংলা (বাংলায় ন্যূনতম ১৪, ইংরেজিতে ন্যূনতম ০৯) এবং পরিসংখ্যান (ইংরেজিতে ন্যূনতম ১২) পেতে হবে। ৬.৩ E ইউনিট: অর্থনীতি (ইংরেজিতে ন্যূনতম ১৪ এবং উচ্চ মাধ্যমিকে অর্থনীতি/পরিসংখ্যান/গণিত বিষয়ে A গ্রেড), বাংলাদেশ এন্ড লিবারেশান ওয়ার স্টাডিজ,সমাজবিজ্ঞান, সমাজকর্ম,শিক্ষা বিভাগ, শিক্ষা প্রশাসন এবং ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট (ইংরেজিতে ন্যূনতম ১২, বাংলায় ন্যূনতম ১০), ইংরেজি (২০০ নম্বরের ইংরেজি বিষয়ে B গ্রেড এবং ইংরেজিতে ন্যূনতম ১৫, বাংলায় ন্যূনতম ০৯), বাংলা (২০০ নম্বরের বাংলা বিষয়ে B গ্রেড এবং বাংলায় ন্যূনতম ১৫ ইংরেজিতে ন্যূনতম ০৯), আইন (ইংরেজিতে ন্যূনতম ১৪, বাংলায় ন্যূনতম ১২) পেতে হবে। ৬.৪ F ইউনিট:ইংরেজিতে ন্যূনতম ১০ এবং বাংলায় ন্যূনতম ০৮ পেতে হবে।

ভর্তি পরীক্ষার MCQ পদ্ধতির উত্তরপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহ করা হবে। উত্তরপত্রে সঠিক উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে। উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের 'নির্দেশাবলী' অংশে বর্ণিত থাকবে। প্রত্যেক প্রার্থীকে কেবল একটি উত্তরপত্র সরবরাহ করা হবে।

৭. ১ম বর্ষে ভর্তির জন্য একজন শিক্ষার্থীকে আনুমানিক ১৭,০০০ (সতের হাজার) টাকা প্রদান করতে হবে।

<u>৮. মেধাস্কোর ও মেধাক্রম:</u>

৮.১. মেধা তালিকা তৈরি করা হবে ২০০ নম্বরের ভিত্তিতে। ১. মাধ্যমিক/সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয়সহ প্রাপ্ত GPA এর ৮ গুণ,২. উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ প্রাপ্ত GPA এর ১২ গুণ,এবং ৩. ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর। ৮.২. একাধিক প্রার্থীর মেধাস্কোর সমান হলে পর্যায়ক্রমে ভর্তি পরীক্ষার নম্বর, HSC ও SSC গ্রেড প্রাধান্য পাবে।

<u>বিশেষ দ্রষ্টব্য:</u>

১. ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যে কোনো ধারা ও উপধারা পরিবর্তন,পরিবর্ধন,সংশোধন,সংযোজন এবং পুনঃসংযোজনের অধিকার ভর্তি কমিটি সংরক্ষণ করে।

২. ভর্তি সংক্রান্ত তথ্য,ভর্তি পরীক্ষার সিট প্ল্যান,পরীক্ষার ফলাফল ও অন্যান্য তথ্যাবলি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) এবং জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

৩. বিশেষ প্রয়োজনে ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য ই-মেইল admission-info@nstu.edu.bd এ যোগাযোগ করা যাবে।

রেজিস্ট্রার
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়,নোয়াখালী – ৩৮১৪, বাংলাদেশ। ফোনঃ ০৩২১৭২৭২০

* ইউজিসির অনুমোদন পাওয়া সাপেক্ষে ভর্তি নেওয়া হবে